

সেমিনারে বক্তারা

শিক্ষক নিয়োগে আমূল সংস্কার ও যুগোপযোগী শিক্ষাক্রম প্রবর্তন দরকার

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষকদের পেশাগত মর্যাদা উন্নয়ন, বিশ্বমানের শিক্ষা ও আন্তর্জাতিক মানের শিক্ষক নিশ্চিতকরণে অর্থায়ন, শিক্ষক সংগঠনগুলোকে পেশাগত দাবির সঙ্গে ও পাঠদানসহ শিক্ষার উন্নয়নমূলক কর্মসূচি উপস্থাপনে উদ্বুদ্ধকরণ এবং সর্বস্তরের শিক্ষকদের মর্যাদা ক্রমনির্ধারণসহ বিভিন্ন দাবি জানিয়েছেন শিক্ষক নেতারা। গতকাল বিশ্ব শিক্ষক দিবস-২০১৩ উপলক্ষে ঢাকার সিরডাপ মিলনায়তনে 'আমার আধিকার ক্যাম্পেইন' কর্তৃক শিক্ষকদের জন্য আহ্বান- চাই মর্যাদা, ন্যায্য অধিকার ও জবাবদিহিতা শীর্ষক সেমিনারে তারা এ দাবি জানান। সংগঠনের চেয়ারম্যান ড. নিলুফার বানু সভাপতিত্বে সেমিনারে

উপস্থিত ছিলেন, জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের প্রধান সমন্বয়কারী প্রফেসর কাজী ফারুক আহমেদ, শিক্ষাবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক, সলিমুল্লাহ খান, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ সাখাওয়াত হোসেন, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির (নায়েম) মহাপরিচালক অধ্যাপক শেখ ইকরামুল কবির ও শিক্ষাবিদ এএন রাশেদা। অধ্যাপক কাজী ফারুক বলেন, শিক্ষা ব্যবস্থায় শিক্ষকদের যথাযথ মূল্যায়ন না অবমূল্যায়ন হচ্ছে তার পর্যালোচনা করা দরকার। শিক্ষকদের পেশাগত অধিকার প্রতিষ্ঠা এবং শিক্ষার গুণগত মান উন্নয়নে শিক্ষক এবং শিক্ষক সংগঠনসমূহের কাজের ধারা কর্মসূচি মূল্যায়ন করা প্রয়োজন।